

২০২৩

বাংলা - মাইনর

পত্র : MN-1 -

[বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রি. পর্যন্ত)]

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) চর্যাপদ-এর পুঁথি কে, কোথা থেকে আবিষ্কার করেন? এই গ্রন্থে কোন সময়ের বাংলা ভাষার পরিচয় পাওয়া যায়? চর্যাপদে প্রতিফলিত তৎকালীন বাংলার সমাজচিত্রের পরিচয় দাও। ২+১+১২

অথবা,

- (খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচয়িতা কে? কোন শতাব্দীতে গ্রন্থটি রচিত হয়? বাংলা সাহিত্যের ইতিহাসে গ্রন্থটির গুরুত্ব নির্দেশ করো। ১+১+১৩

- ২। (ক) 'রামায়ণ'-এর অনুবাদক কবি কৃত্তিবাসের পরিচয় দাও। তাঁর অনূদিত গ্রন্থটির মৌলিকতা বিচার করে বাঙালির সমাজজীবনে এর প্রভাব সম্পর্কে লেখো। ৩+৭+৫

অথবা,

- (খ) 'চৈতন্যভাগবত'-এর কবি কে? তাঁর কাব্য প্রতিভার পরিচয় দাও। ১+১৪

- ৩। (ক) মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসে প্রণয়মূলক আখ্যান কাব্যগুলির সাহিত্যিক বিশেষত্ব কোনখানে? দৌলত কাজীর কাব্য প্রতিভার সম্যক পরিচয় দাও। ৫+১০

অথবা,

- (খ) কবি ভারতচন্দ্রের কাব্যগুলির পরিচয় দিয়ে তাঁর কবিপ্রতিভার মূল্যায়ন করো। ৪+৬+৫

- ৪। (ক) টীকা লেখো : তুর্কি আক্রমণ। ৫

অথবা,

- (খ) চর্যাপদের বিষয়বস্তুতে কোন ধর্মমতের উল্লেখ আছে? এর ভাষাকে 'সন্ধ্যাভাষা' বলা হয় কেন? ১+৪

- ৫। (ক) গোবিন্দদাস কবিরাজকে 'দ্বিতীয় বিদ্যাপতি' বলার কারণ উল্লেখ করো। ৫

অথবা,

- (খ) টীকা লেখো : শ্রীকৃষ্ণবিজয়। ৫

Please Turn Over

৬। (ক) মঙ্গলকাব্যের উদ্ভবের কারণ উল্লেখ করো।

৫

অথবা,

(খ) অষ্টাদশ শতকের শাক্ত পদকার রামপ্রসাদ সেনের কবিপ্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

- (ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের শেষ খণ্ডটির নাম কী?
- (খ) চর্যাগীতির সংস্কৃত টীকাকারের নাম কী?
- (গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কে, কোথা থেকে আবিষ্কার করেন?
- (ঘ) 'প্রাকৃতপৈঙ্গল' কোন ভাষায় রচিত?
- (ঙ) 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের রচয়িতার নাম কী?
- (চ) গৌড়েশ্বর মালাধর বসুকে কি উপাধি দিয়েছিলেন?
- (ছ) কাশীরাম দাস কোন শতকের কবি ছিলেন?
- (জ) কোন পর্যায়ের পদে বিদ্যাপতি শ্রেষ্ঠত্ব লাভ করেছিলেন?
- (ঝ) 'রাঢ়ের জাতীয় মহাকাব্য' কোন মঙ্গলকাব্যকে বলা হয়?
- (ঞ) 'চণ্ডীমঙ্গল' কাব্যের দুজন প্রধান কবির নাম লেখো।
- (ট) নারায়ণ দেব কোন মঙ্গলকাব্যের রচয়িতা?
- (ঠ) শাহ মহম্মদ সগীর রচিত গ্রন্থের নাম লেখো।
- (ড) সৈয়দ আলাওলের অনূদিত দুটি কাব্যের নাম লেখো।
- (ঢ) বাংলা ভাষায় মহাভারতের প্রথম অনুবাদকের নাম লেখো।
- (ণ) শাক্ত পদকার কমলাকান্ত ভট্টাচার্য কোথায় জন্মগ্রহণ করেন?